




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.mofl.gov.bd

সভাপতি : জনাব রওনক মাহমুদ
সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
তারিখ ও সময় : ১৫ অক্টোবর ২০২০ খ্রিঃ; বিকাল ০৩.০০ ঘটিকা।
স্থান : এ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব এবং নৈতিকতা কমিটির সভাপতি জনাব রওনক মাহমুদ'র সভাপতিত্বে নৈতিকতা কমিটির সভা ১৫ অক্টোবর ২০২০ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা সংযুক্ত (পরিশিষ্ট-ক)।

- ০২। সভায় মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির ১৯ জুলাই ২০২০ খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণীর উপর আলোচনা হয়। কার্যবিবরণী উপর কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সভার কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়।
- ০৩। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২) ও জাতীয় শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট শাহ মোঃ ইমদাদুল হক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর ১ম প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, এ মন্ত্রণালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর ১ম প্রান্তিকের অগ্রগতি মোটামোটি সন্তোষজনক। তিনি ১ম প্রান্তিকের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন (পরিশিষ্ট-খ)। উপস্থিত কর্মকর্তাগণ প্রস্তুতকৃত অগ্রগতি প্রতিবেদনটি পর্যালোচনাপূর্বক এটি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের পক্ষে অভিমত প্রকাশ করেন।
- ০৪। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ
- (১) এ মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির ১৯ জুলাই ২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হলো;
- (২) এ মন্ত্রণালয়ের ২০২০-২১ সালের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর/২০২০) অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণসহ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে দৃশ্যমান করতে হবে।
- ০৫। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


রেওনক মাহমুদ
সচিব

নৈতিকতা কমিটির সভার উপস্থিতি

স্থানঃ সভাকক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

তারিখঃ ১৫ অক্টোবর ২০২০ খ্রি:

ক্রঃ নং	কর্মকর্তার নাম ও পদবি	স্বাক্ষর
১	শাহ মোঃ ইমদাদুল হক অতিরিক্ত সচিব	শাহ ১৫/১০/২০২০
২	আব্দুল হক কর্মকার অতিঃ সচিব	আব্দুল হক ১৫/১০/২০২০
৩	মুশতার আলী চৌধুরী অতিরিক্ত সচিব	মুশতার আলী ১৫/১০/২০২০
৪	ডাঃ জিয়াউর রহমান অতিরিক্ত সচিব	ডাঃ জিয়াউর রহমান ১৫/১০/২০২০
৫	ড. মোঃ হুমায়ুন কবীর সুপার-সচিব	ড. হুমায়ুন কবীর ১৫/১০/২০২০
৬	সুবর্ণ সিদ্দিক সুপার-সচিব (প্রশ্ন)	সুবর্ণ সিদ্দিক ১৫/১০/২০২০
৭	এম-এম হুমায়ুন কবীর সুপার সচিব	এম-এম হুমায়ুন কবীর ১৫/১০/২০২০
৮		
৯		
১০		